

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা- ২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৫.২০১৩- ২১৭

তারিখঃ- ৩০ .০৩.১৪২১ বঙ্গাব্দ  
১৪ .০৭.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ


যেহেতু, জনাব এস এম আল কামাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী (সাবেক উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুনীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬.০১.২০১৪ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়া তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা পূর্বক জনাব এস এম আল কামাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী (সাবেক উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা) কে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৫.২০১৩- ২১৭/১ (৭)

তারিখঃ- ১৪.০৭.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজবাড়ী/ মাগুরা।
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী / শ্রীপুর, মাগুরা।
- ৭। জনাব এস এম আল কামাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪৫০২৮

[Sasdisc2@mohfw.gov.bd](mailto:Sasdisc2@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১৪- ৫৪৮

তারিখঃ ০৭.০৭.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল আওয়াল (৩৩৭৫১), সহযোগী অধ্যাপক (ইউরোলজি), শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৯.০৫.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১৪-৩৮৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৩০.০৬.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ১৩.১১.২০১৩ তারিখে তিনি শেরেবাংলা মেডিকেল কলেজে সহযোগী অধ্যাপক, ইউরোলজি বিভাগে যোগদান করেন। গত ০১.১২.২০১৩ হতে ০৫.১২.২০১৩ পর্যন্ত নৈমিত্তিক ছুটি এবং অসুস্থতার কারণে ২৯.১২.২০১৩ হতে ১০.০২.২০১৪ তারিখ পর্যন্ত অর্জিত ছুটি ভোগ করেন। তিনি তাঁর ৩০ বছরের চাকুরি জীবনে প্রতিটি কর্মস্থলে সুনামের সাথে চাকুরি করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আব্দুল আওয়াল (৩৩৭৫১), সহযোগী অধ্যাপক (ইউরোলজি), শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে ভবিষ্যতের জন্য তাঁকে সতর্ক করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ১৩.১১.২০১৩ তারিখ হতে ২৫.১২.২০১৩ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

  
০৭.০৭.১৪  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১৪- ৫৪৮/১(৩০)

তারিখঃ ০৭.০৭.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। অধ্যক্ষ, শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ মোঃ আব্দুল আওয়াল (৩৩৭৫১), সহযোগী অধ্যাপক (ইউরোলজি), শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)